গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন
এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০৪০.২০.০১৩.২৩.১৯১ | তারিখ: ০৮ নভেম্বর, ২০২৩ খ্রি.।

বিষয়: পার্টনার ফিল্ড স্কুল (পিএফএস) গঠনের নীতিমালা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, প্রোগ্রামের পার্টনার ফিল্ড স্কুল (পিএফএস) গঠনের নীতিমালা এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

পার্টনার ফিল্ড স্কুল (পিএফএস) গঠনের নীতিমালা যথাযথ অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত:
(০১) পার্টনার ফিল্ড স্কুল (পিএফএস) গঠনের নীতিমালা ৪ (চার) পাতা।

মোঃ মিজানুর রহমান
প্রোগ্রাম কোঅর্ডিনেটর
মোবাঃ ০১৭২২৩৪৩৪০০
ই-মেইল: pc.partner23@gmail.com

উপজেলা কৃষি অফিসার
----------------, ----------------------। উপজেলা (৪৯৫)

অনুলিপি জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. মোহাম্মদ রবিউল ফয়সাল, উপসচিব, পরিকল্পনা-২ শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫. পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, --------------------------- অঞ্চল। (সকল)
৮. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, --------------------------- জেলা। (সকল)
৯. পিএস টু ডিজি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১০. এ্যাডিশনাল প্রোগ্রাম ডিরেক্টর, পার্টনার, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
১১. ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর (সকল), পার্টনার, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
১২. সিনিয়র মনিটরিং অফিসার, পার্টনার ------------------------------। (সকল)
১৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন
এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা

## পার্টনার ফিল্ড স্কুল (পিএফএস) এর সাধারণ নীতিমালা:

পার্টনার ফিল্ড স্কুল কৃষি প্রযুক্তি বিস্তারের একটি অন্যতম মাধ্যম। পার্টনারের সকল ধরনের কার্যক্রম যেমনঃ প্রশিক্ষণ,প্রদর্শনী,ফিল্ড ওরিয়েন্টেশন,পিএফএস কংগ্রেস,মাঠ দিবস ইত্যাদি পার্টনার ফিল্ড স্কুল (PFS) এর মাধ্যমে বাস্তবায়িত হবে। তাই অত্যন্ত গুরুত্ব সহকারে পার্টনার ফিল্ড স্কুলের কৃষক ও কৃষাণী নির্বাচনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

### PFS এর উদ্দেশ্যঃ

- দলীয় ভিত্তিতে কৃষি প্রযুক্তিসমূহ বিস্তার করা।
- কৃষি ব্যবসা, কৃষি যান্ত্রিকীকরণ, বাণিজ্যিক কৃষি, উন্নত বাজার ব্যবস্থা, উত্তম কৃষি চর্চা ইত্যাদি বিষয়ে কৃষকদের হাতে-কলমে প্রশিক্ষিত করার মাধ্যমে শুধু উৎপাদনমুখী কৃষি থেকে বাণিজ্যিক কৃষি হয়ে স্মার্ট কৃষিতে রূপান্তরের ব্যবস্থা করা।
- পার্টনার ফিল্ড স্কুলকে বাস্তবায়ন পরবর্তীতে কাস্টম হায়ারিং সেন্টারে রূপান্তর করা।
- দলীয় ভিত্তিতে উত্তম কৃষি চর্চা অনুশীলন ও রপ্তানীমুখী ফসলের বিস্তারের ব্যবস্থা করা।

### ১। স্থান নির্বাচনঃ

- ক্লাস্টার আকারে ফসল চাষ করা হচ্ছে এমন স্থান পার্টনার ফিল্ড স্কুলের জন্য নির্বাচন করতে হবে।
- সেচ সুবিধা, বন্যামুক্ত ও ভাল যোগাযোগ ব্যবস্থা সম্পন্ন স্থানে PFS স্থাপন করতে হবে।

### ২। পার্টনার ফিল্ড স্কুলের জন্য কৃষক নির্বাচনঃ

- একই ক্রপ ক্লাস্টার, একই আর্থ-সামাজিক অবস্থা ও মানসিকতা সম্পন্ন কৃষক-কৃষাণীদের পার্টনার ফিল্ড স্কুলের সদস্য নির্বাচন করতে হবে।
- প্রতিটি পার্টনার ফিল্ড স্কুলে ২৫ জন কৃষক-কৃষাণী থাকবে।
- ২৫ জন সদস্যের মধ্যে ক্ষুদ্র (৮০%), মাঝারী ও বড় (২০%) কৃষক থাকবে।
- প্রতি পরিবার থেকে ০১ জন সদস্য নিয়ে ২৫ পরিবার সমন্বয়ে একটি পার্টনার ফিল্ড স্কুল গঠিত হবে।
- কৃষি ক্ষেত্রে নারীর ক্ষমতায়নের জন্য পার্টনার ফিল্ড স্কুলের সদস্যদের মধ্যে ৩০% মহিলা সদস্য নিশ্চিত করতে হবে।
- প্রতিটি পার্টনার ফিল্ড স্কুলের সদস্যদের বয়স ১৮ থেকে ৫০ বছরের মধ্যে থাকবে। কোন অবস্থায় ছাত্র/ছাত্রীদের অন্তর্ভূক্ত করা যাবেনা।
- শিক্ষিত- অগ্রগামী কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।
- দলীয়ভাবে কাজ করতে আগ্রহী প্রকৃত কৃষক- কৃষাণী নির্বাচন করতে হবে।
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণে সক্রিয় এবং সামাজিকভাবে গ্রহণযোগ্য কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।
- নিজেদের মধ্যে সুসম্পর্ক থাকা আবশ্যক।
- সকল সদস্য একই উদ্দেশ্য সাধনে কাজ করবে।
- প্রযুক্তি গ্রহণ ও বিস্তারে ইচ্ছুক হতে হবে।
- কৃষক মাঠ স্কুলের নিয়ম নীতি অনুসরণ করতে আগ্রহী হতে হবে।
- সদস্য নির্বাচনের ক্ষেত্রে কৃষি উদ্যোক্তাদের অগ্রাধিকার দিতে হবে।

## ৩। PFS এর ধরণঃ

**মোট ০৭ (সাত) ধরনের পার্টনার ফিল্ড স্কুল বাস্তবায়িত হবে।**

- ধানের পার্টনার ফিল্ড স্কুল (Rice Partner Field School) - PFS (Rice)
- ডাল জাতীয় ফসলের পার্টনার ফিল্ড স্কুল (Pulses Partner Field School) - PFS (Pulses)
- তেলজাতীয় ফসলের পার্টনার ফিল্ড স্কুল (Oils Partner Field School) - PFS (Oils)
- ভুট্টার পার্টনার ফিল্ড স্কুল (Maize Partner Field School) - PFS (Maize)
- গমের পার্টনার ফিল্ড স্কুল (Wheat Partner Field School) - PFS (Wheat)
- পুষ্টি পার্টনার ফিল্ড স্কুল (Nutrition Partner Field School) - PFS (Nutrition)
- GAP পার্টনার ফিল্ড স্কুল (GAP Partner Field School) - PFS (GAP)

## ৪। PFS এর কার্যনির্বাহী কমিটিঃ

**প্রতিটি পার্টনার ফিল্ড স্কুলে ০৯ (নয়) সদস্যবিশিষ্ট একটি কার্যনির্বাহী কমিটি থাকবে।**

- চেয়ারম্যান ০১ জন
- ভাইস- চেয়ারম্যান ০১ জন
- সেক্রেটারি ০১ জন
- ক্যাশিয়ার ০১ জন
- কার্যকারী সদস্য ০৫ জন

## ৫। PFS পরিচালনাঃ

- প্রতিটি ইউনিয়নে ০৭ (সাত) টি পার্টনার ফিল্ড স্কুল বাস্তবায়িত হবে।
- পার্টনার ফিল্ড স্কুল প্রকল্প মাঠ নির্দেশিকা ও মাঠ স্কুলের সেশন গাইড অনুযায়ী বাস্তবায়িত হবে।

## ৬। পার্টনার ফিল্ড স্কুলের কার্যক্রমঃ

- গ্রুপ মোবিলাইজেশন ও সংবেদনশীলতা
- নিয়মিত মাসিক সভা
- মাসিক সঞ্চয়
- ব্যংক হিসাব পরিচালনা
- আয়বর্ধক কাজে বিনিয়োগ করা
- প্রযুক্তি গ্রহণ
- নন-পিএফএস ও পিএফএস সদস্য/কৃষক এর মাঝে প্রযুক্তি বিস্তার
- বাজার ব্যবস্থাপনার উন্নয়নে সহযোগিতা করা
- কৃষকের উৎপাদিত পণ্যের বানিজ্যিকীকরণ
- নিরাপদ খাদ্য-পুষ্টি নিয়ে কাজ করা
- কর্মসংস্থান তৈরি।
- কৃষি পণ্যের ভ্যালু চেইন উন্নয়নে কাজ করা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন
এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা

## ধানের পার্টনার ফিল্ড স্কুল (Rice Partner Field School) এর বিশেষ নীতিমালা:

১। ক্লাস্টার আকারে ধান উৎপাদিত হয় এমন এলাকায় পার্টনার ফিল্ড স্কুল স্থাপন করা।
২। উচ্চ ফলনশীল আধুনিক জাতের ধান যেমন ব্রি ধান১০০+ চাষ করা যাবে এমন এলাকাকে অগ্রাধিকার দিয়ে ধানের পার্টনার ফিল্ড স্কুল স্থাপন করতে হবে।
৩। বিশেষ গুণসম্পন্ন যেমন- প্রিমিয়াম কোয়ালিটি রপ্তানীযোগ্য সরু জাতের ধানের উৎপাদন এলাকাকে অগ্রাধিকার দিয়ে ধানের পার্টনার ফিল্ড স্কুল স্থাপন করতে হবে।
৪। ধানের বীজ উৎপাদন,সংরক্ষণ,বিতরণ ও বাজারজাতকরণের জন্য উদ্যোক্তা হতে আগ্রহী এমন কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।

## ডাল জাতীয় ফসলের পার্টনার ফিল্ড স্কুল (Pulses Partner Field School) এর বিশেষ নীতিমালা:

১। ক্লাস্টার আকারে ডাল জাতীয় ফসল উৎপাদিত হয় এমন এলাকায় পার্টনার ফিল্ড স্কুল স্থাপন করা।
২। আধুনিক জাতের ডাল জাতীয় ফসল যেমন বারি মুগ৬, বিনা মুগ৮, বারি মসুর৮, ইত্যাদি জাতের আবাদ ও সম্প্রসারণ করা যাবে এমন এলাকাকে অগ্রাধিকার দিয়ে ডাল জাতীয় ফসলের পার্টনার ফিল্ড স্কুল স্থাপন করতে হবে।
৩। বিদেশে রপ্তানীযোগ্য ডাল জাতীয় ফসল যেমন- মুগ চাষ হয় এলাকায় ডাল জাতীয় ফসলের পিএফএস এর স্থান ও কৃষক নির্বাচন করতে হবে।
৪। ডাল ফসল কেন্দ্রিক উদ্যোক্তা হতে আগ্রহী কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।
৫। ডাল জাতীয় ফসলের বীজ উৎপাদন,সংরক্ষণ,বিতরণ ও বাজারজাতকরণের জন্য উদ্যোক্তা হতে আগ্রহী কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।

## তেলজাতীয় ফসলের পার্টনার ফিল্ড স্কুল (Oils Partner Field School) এর বিশেষ নীতিমালা:

১। ক্লাস্টার আকারে তেল জাতীয় ফসল উৎপাদিত হয় এমন এলাকায় পার্টনার ফিল্ড স্কুল স্থাপন করা।
২। আধুনিক জাতের তেল জাতীয় ফসল চাষ হয় এমন এলাকাকে অগ্রাধিকার দিয়ে তেলজাতীয় ফসলের পার্টনার ফিল্ড স্কুল স্থাপন করতে হবে।
৩। উন্নত গুনাগুন ও বাজারে চাহিদাসম্পন্ন তেলজাতীয় ফসলের এলাকায় পিএফএস স্থাপন করতে হবে।
৪। উদ্যোক্তা হতে আগ্রহী কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।

## ভুট্টার পার্টনার ফিল্ড স্কুল (Maize Partner Field School) এর বিশেষ নীতিমালা:

১। ক্লাস্টার আকারে ভূট্রা উৎপাদিত হয় এমন এলাকায় পার্টনার ফিল্ড স্কুল স্থাপন করা।
২। ভুট্টার বাজার ব্যবস্থাপনা বা সংযোগের উপযোগিতার ভিত্তিতে এলাকা নির্বাচন করতে হবে।
৩। সেচ সুবিধা রয়েছে এমন এলাকা নির্বাচনে অগ্রাধিকার দিতে হবে।
৪। ভুট্রা প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণের সুযোগ রয়েছে এমন কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।
৫। ভুট্রা কেন্দ্রিক উদ্যোক্তা হতে আগ্রহী কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন
এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা

## গমের পার্টনার ফিল্ড স্কুল (Wheat Partner Field School) এর বিশেষ নীতিমালা:

১। ক্লাস্টার আকারে গম উৎপাদিত হয় এমন এলাকায় গমের পার্টনার ফিল্ড স্কুল স্থাপন করা।
২। গমের বাজার ব্যবস্থাপনা বা সংযোগের উপযোগিতার ভিত্তিতে এলাকা নির্বাচন করতে হবে।
৩। সেচ সুবিধা রয়েছে এমন এলাকা নির্বাচনে অগ্রাধিকার দিতে হবে।
৪। গমের প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণের সুযোগ রয়েছে এমন কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।
৫। উদ্যোক্তা হতে আগ্রহী কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।
৬। বীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহের বিষয়টি গুরুত্ব দিয়ে এলাকা ও কৃষক নির্বাচন করতে হবে।
৭। গম ফসলের কর্তন, মাড়াই ও প্রক্রিয়াজাতকরণে যান্ত্রিক/ মেশিন ব্যবহার রয়েছে এমন কৃষক ও এলাকাকে অগ্রাধিকার দিতে হবে।

## পুষ্টি পার্টনার ফিল্ড স্কুল (Nutrition Partner Field School) এর বিশেষ নীতিমালা:

১। পুষ্টি পার্টনার ফিল্ড স্কুল ১০০% মহিলা সদস্য নিয়ে গঠিত হবে।
২। যে সমস্ত বসতবাড়িতে সবজি ও ফল চাষ করার উপযুক্ত জয়গা রয়েছে বা বসতবাড়িতে সবজি/ফল চাষ করে এমন পরিবার থেকে সদস্য নির্বাচন করতে হবে।
৩। জৈবসার (ভার্মিকম্পোষ্ট, ট্রাইকো কম্পোষ্ট, খামারজাত সার,কুইক কম্পোষ্ট ইত্যাদি) উৎপাদন করে বা করতে ইচ্ছুক এমন কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।
৪। উদ্যোক্তা হতে আগ্রহী কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।

## GAP পার্টনার ফিল্ড স্কুল (GAP Partner Field School) এর বিশেষ নীতিমালা:

১। পার্টনার কার্যক্রমের অন্যতম গুরুত্বপূর্ন অংশ GAP বাস্তবায়ন। GAP বাস্তবায়ন ডিএই অংশের একটি চ্যালেঞ্জ- সেই বিষয়টিকে গুরুত্ব দিয়েই GAP পার্টনার ফিল্ড স্কুলের এলাকা ও কৃষক নির্বাচন করতে হবে।
২। পার্টনার কার্যক্রমের আওতায় রপ্তানীযোগ্য ১০ টি সবজি ফসল (ধুন্দল, পটল, লাউ, করলা, বেগুন, আলু, বরবটি,কচুর লতি, কাঁচা মরিচ ও কাঁচা পেঁপে) ও ০৫ টি ফল ( আম, পেঁয়ারা, কাঠাল, আনারস ও জারা লেবু) নির্বাচন করা হয়েছে। এই ফসলগুলোকে অগ্রাধিকার দিয়ে GAP পার্টনার ফিল্ড স্কুলের এলাকা ও কৃষক নির্বাচন করতে হবে।
৩। সৃজনকৃত ফল বাগানের মালিক/কৃষক/উদ্যোক্তাদের নিয়ে ফলের GAP পার্টনার ফিল্ড স্কুলের কৃষক নির্বাচন করতে হবে।
৪। যেসব এলাকায় GAP তালিকাভুক্ত সবজিসহ উচ্চমূল্যের সবজি ক্লাস্টার আকারে চাষ হয়, সেইসব এলাকায় GAP পার্টনার ফিল্ড স্কুল স্থাপন করতে হবে।
৫। রপ্তানী কাজে নিয়োজিত কৃষক/ উদ্যোক্তাদের বিশেষভাবে অগ্রাধিকার দিতে হবে ।
৬। তথ্য সংগ্রহ ও সংরক্ষণে (Record keeping) সক্ষম এমন শিক্ষিত কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।
৭। উদ্যোক্তা ও উদ্যোক্তাভিত্তিক কৃষি নিয়ে GAP পার্টনার ফিল্ড স্কুল স্থাপন করতে হবে।

০৬/১১/২৩

মোঃ মিজানুর রহমান
প্রোগ্রাম কো-অর্ডিনেটর
"প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্টারপ্রেনরশিপ এ্যান্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার)" শীর্ষক প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা